যুগান্তর

তারিখ ঃ [illegible]
পৃষ্ঠা ... ২৩ ... কলাম ০৩

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্স ২য় বর্ষের পরীক্ষা শুরু আজ

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষা পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী আজ বুধবার থেকে শুরু হচ্ছে। সারা দেশের ৪১৭টি কলেজের ১৭১টি কেন্দ্রে সর্বমোট ২ লাখ ২৫ হাজার ৫ জন পরীক্ষার্থী ৩০টি বিষয়ে পরীক্ষায় অংশ নিচ্ছে। পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে যাবতীয় প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে প্রশাসন, সংশ্লিষ্ট কলেজ, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের সহযোগিতা চেয়েছে। উল্লেখ্য, অন্য সব পরীক্ষা যথানিয়মে সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর সূত্রে এ তথ্য জানানো হয়েছে।